**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 17-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM-Blood Donation :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে নেশা কারবারীদের বিরুদ্ধে রাজ্য সরকার কঠোর ব্যবস্থা নেবে| গতকাল আগরতলার এডি নগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অরবিন্দ সংঘ আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি রাজ্যে নেশার বাড়বাড়ন্ত নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন, নেশাসক্তদের বিরুদ্ধেও কড়া ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশকে নির্দেশ দেয়া হয়েছে|

************************

## Dak Adalat :

আগরতলায় পোস্টমাস্টার জেনারেল উত্তর-পূর্ব কার্যালয়ে আজ ডাক আদালত বসবে। বেলা ১১টা থেকে শুরু হবে স্টাফ আদালত, বেলা ১২টা থেকে পেনশন আদালত, দুপুর ১টা থেকে জিডিএস আদালত এবং বেলা তিনটা থেকে বসবে ডাক আদালত। ডাক আদালত ডাক পরিষেবা সম্পর্কিত অভিযোগগুলি সমাধানের জন্য গ্রহণ করবে। স্টাফ, পেনশন, জি.ডি.এস আদালত শুধুমাত্র বিভাগীয় কর্মীদের ইস্যুগুলি বিচার বিবেচনা করবে।

********************

**Electricity Maintenence :**

প্রাক-পূজা মেরামতের জন্য আজ আগরতলা শহরের বনমালীপুর এলাকার, লালবাহাদুর চৌমুহনী, বোধজং চৌমুহনী, বি. কে. রোড এলাকা ও লেকচৌমুহনী ফিডার এলাকায় সকাল ৯ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখা হবে। ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*********************

**Labour Minister :**

শ্রমমন্ত্রী টিংকু রায় শ্রমিকদের যথাসময়ে দুর্গাপূজার বোনাস বা অনুদান দেবার জন্য মালিক পক্ষের প্রতি আহ্বান জানান। গতকাল শ্রম দপ্তরের উদ্যোগে ভগৎ সিং যুব আবাসে আয়োজিত বিভিন্ন বেসরকারি কোম্পানির প্রতিনিধিদের সঙ্গে পূজা বোনাস সংক্রান্ত বিষয়ে বৈঠক শেষে তিনি একথা জানিয়েছেন। শ্রী রায় জানান, গত বছর সিদ্ধান্তক্রমে পূজা বোনাস ৮.৩৩ হারে দেওয়া হয়েছিল। কোনো কোনো ক্ষেত্রে ২0 শতাংশ বোনাসও দেওয়া হয়েছিল। এবছর জিনিসপত্রের মূল্য বৃদ্ধির উপর নির্ভর করে গত বছরের তুলনায় বোনাসের হার কিছুটা বৃদ্ধি করার জন্য শ্রমমন্ত্রী বৈঠকে মালিকপক্ষের প্রতি আহ্বান জানান। তিনি জানান, শ্রমিকদের বোনাস ও অনুদানের আগামী ২৭শে আগস্ট চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে|

*******************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্যে বর্তমানে ২৬ হাজার ৫00 হেক্টর জমিতে জৈব চাষ হচ্ছে| গতকাল মোহনপুরের অভিচরণে লেফুঙ্গা উপবিভাগ আয়োজিত মেগা অর্গানিক আম ও গোলাপি কাঁঠাল চারা রোপণ কর্মসূচি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন| এই অনুষ্ঠানে ১ হাজার ২00টিরও বেশি অর্গানিক আম ও গোলাপি কাঁঠাল চারা রোপণ করা হয়। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, ৫৩টি ফার্মার প্রোডিউসার্স কোম্পানির মাধ্যমে রাজ্যে জৈব চাষকে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে|

*********************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৫তম পর্ব| বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮00-১১-৭৮00 নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*****************************

**JANMASHTOMI1 :**

দেশের বিভিন্ন অংশের সঙ্গে রাজ্যেও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে জন্মাষ্টমী উৎসব উদযাপন করা হয় | এই উপলক্ষে আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, শ্রীকৃষ্ণ মন্দির ও হরেকৃষ্ণ মন্দির বিশেষ পূজা পাঠ হয় | বিভিন্ন সংস্থার পক্ষ থেকে শিশুদের মধ্যে কৃষ্ণ সাজোঁ প্রতিযোগিতাও হয়।

এদিকে, গত শুক্রবার খোয়াই সুভাষ পার্কের শ্রীকৃষ্ণের মন্দির প্রাঙ্গনে উদ্বোধন হয় সাত দিনব্যাপী শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উৎসব ও মেলার। এই জন্মাষ্টমী উৎসব ও মেলার উদ্বোধন করেন সমাজসেবী বিনয় দেববর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়, সদস্য অনুকূল দাস সহ অন্যান্যরা।

*****************

**Jarmastami :**

শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী দক্ষিন জেলার বাইখোড়ার ইসকন পরিচালিত জগন্নাথ মন্দিরে, জোলাইবাড়ির মদন আঙ্গিনা সহ জেলার বিভিন্ন স্হানে গতকাল গভীর রাত পর্যন্ত ধর্মীয় রীতি মেনে পালিত হয়। বাইখোড়া ইসকনের উদ্যোগে গতকাল বাইখোড়ায় একটি বাইক র‍্যালিও হয়।

*******************

**Ambulance-MP :**

সাংসদ রাজীব ভট্টাচার্য গতকাল সাংসদ এলাকা উন্নয়ন তহবিল থেকে আগরতলার জাতীয় আইন বিশ্ববিদ্যালয়কে একটি অ্যাম্বুলেন্স প্রদান করেন।

তিনি বলেন, জরুরি চিকিৎসা সহায়তার ক্ষেত্রে অ্যাম্বুলেন্স পরিষেবার বিশেষ গুরুত্ব রয়েছে|

*********************

## FIRST DIVISION :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় এগিয়ে চলো সংঘ ২-১ গোলে টাউন ক্লাবকে হারিয়ে দেয়। এর আগে বিকালে অনুষ্ঠিত খেলায় ব্লাড মাউথ ক্লাব ৩-২ গোলে কল্যাণ সমিতিকে পরাজিত করে |

**********************

## Blind Cricket-Udaipur :

আগামী নভেম্বর মাসের প্রথম সপ্তাহে পাঞ্জাবে অনুষ্ঠিত হবে অষ্টম দৃষ্টিহীন জাতীয় ক্রিকেট আসর। এই আসরে ১৪ সদস্যের রাজ্যদল অংশগ্রহণ করবে| রাজ্য দল গঠনের জন্য গতকাল থেকে উদয়পুরের জামজুরি ক্রিকেট মাঠে দুই দিনের শিবির শুরু হয়েছে।

***********************

## Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। বিক্ষিপ্তভাবে দু`এক পশলা বজ্র বিদ্যুত সহ মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।

********************

********************